গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-৩৫১১২ তারিখঃ ৩১/১০/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা গত ১৭/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ----------- পাতা।

রাশেদা আকতার ৩১/১০/২২
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ- যুগ্মসচিব, ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-৩৫১১২/১(৪) তারিখঃ ৩১/১০/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে -

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব (প্রশাসন -৪, মনিটরিং ও সমন্বয় শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

## নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব রাশেদা আকতার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ১৭.১০.২০২২ খ্রিঃ সকাল ১১.০০ টা।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম সঠিক সময়ে সুষ্ঠভাবে সম্পূর্ণ হবে মর্মে সভাপতি এই আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি, জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সদস্যবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পর্যালোচনাঃ** সভাপতি সিদ্ধান্তসমূহের অগ্রগতি সবিস্তারে পর্যালোচনা করেন। ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি পরিচালক (সমন্বয়) |
| ০২. | **বিভাগ পর্যায়ে প্রশিক্ষণঃ** নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগ পর্যায়ে সেবা প্রতিষ্ঠানসমূহে বিসিসি ও নৈতিকতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের গুরুত্ব নিয়ে সভায় আলোচনা করা হয়। | নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগ পর্যায়ে সেবা প্রতিষ্ঠানসমূহে বিসিসি ও নৈতিকতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৩. | **নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্ট করণঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নথি পত্রের শ্রেণী বিন্যাস করে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নথি পত্রের শ্রেণী বিন্যাস ও নথি বিনষ্ট করার লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি সকল নথি পত্রের শ্রেণী বিন্যাস করে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার জন্য প্রস্তুত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৪. | **সেবার মান উন্নয়নে হাসপাতাল পরিদর্শনঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে হাসপাতালসমূহ পরিদর্শনের গুরুত্ব পর্যালোচনাপূর্বক পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে ৩.১ কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি বিভিন্ন হাসপাতালে সারপ্রাইজ ভিজিট করা। | সহকারি পরিচালক (সমন্বয়) |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **ফিডব্যাক কর্মশালাঃ** ফিডব্যাক কর্মশালা অয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিভিন্ন সেবা এবং শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তাদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হয় ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে তাদেরকে নিয়ে ফিডব্যাক কর্মশালা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রাশেদা আকতার ৩১/১০/২২

রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

# হাজিরা শিট

**বিষয়ঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা।

তারিখঃ ১৭/১০/২০২২ খ্রিঃ

স্থানঃ সম্মেলন কক্ষে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

| ক্রঃ | নাম ও পদবী | কর্মস্থল | ফোন ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | Md. Nasir uddin Director (Ad Fin D) | ডি জি এন এম | | [signature] |
| ২. | Md. Rashidul Manual Kabir Director (Edu & Dis) | ডি জি এন এম | | |
| ৩. | ILIRA RANI DAS AD (Admin + Mid) | ডি জি এন এম | 01552310064 | [signature] |
| ৪. | Sultana parvin Assistant Director | ডি জি এন এম | 01715407929 | [signature] |
| ৫. | Mst. Farida yesmin AD. Tr | ডি জি এন এম | 01735217075 | [signature] |
| ৬. | Md. Anowar Hossain A/O | ডি জি এন এম | 01716891251 | [signature] |
| ৭. | Rizia Sultana Nursing officer | ডি জি এন এম | 01718105009 | [signature] |
| ৮. | | ডি জি এন এম | | |
| ৯. | | ডি জি এন এম | | |
| ১০. | | ডি জি এন এম | | |
| ১১. | | ডি জি এন এম | | |
| ১২. | | ডি জি এন এম | | |
| ১৩. | | ডি জি এন এম | | |
| ১৪. | | ডি জি এন এম | | |